দৈনিক ইত্তেফাক

তারিখ 30 AUG 1987
পৃষ্ঠা ৪ কলাম 2

৭

## ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগ দাবী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ইসলামী বিশ্ববিদ্যালয়ের সংগ্রামী ছাত্রঐক্য গতকাল (শনিবার) এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের ২০ জন ছাত্রের বহিষ্কারাদেশ ও ১০ জন ছাত্রের প্রমোশন আটকাদেশ অবিলম্বে প্রত্যাহারের জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানাইয়াছে। জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি ব্যাখ্যা করিয়া ভিসির পদত্যাগ দাবী করা হয়। জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্র লীগ (সু-র) ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার নেতারা সাংবাদিক সম্মেলনে বলেন, তাহারা পরীক্ষায় অকৃতকার্য হইয়াছেন' বলিয়া মনে করেন না। দেশের যে কোন বিশ্ববিদ্যালয়ের স্বাধীনতা স্বপক্ষের শিক্ষকের মাধ্যমে পরীক্ষা লইয়া বিষয়টি প্রমাণ করার দাবী করিয়া বক্তারা বলেন; কর্তৃপক্ষের ভাষ্য অনুযায়ী তাহারা ফেল করিয়া থাকিলেও বিশ্ববিদ্যালয় হইতে বাহির করিয়া দেওয়ার পক্ষে কোন যুক্তি থাকিতে পারে না।"